

# 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৭৫৭

२३/ খोपापवा (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৪৮১. মাটির নীচের জীব খাওয়া সস্পর্কে।

باب فِي أَكْلِ حَشَرَاتِ الأَرْضِ

### আরবী

حَدَّتَنَا إِبْرَاهِيمُ بْنُ خَالِدِ الْكَلْبِيُّ أَبُو تَوْرٍ، حَدَّتَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ، حَدَّتَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنْ عِيسَى بْنِ نُمَيْلَةَ، عَنْ أَبِيهِ، قَالَ كُنْتُ عِنْدَ ابْنِ عُمَرَ فَسُئِلَ عَنْ أَكْلِ الْقُنْفُذِ، مُحَمَّدٍ، عَنْ عِيسَى بْنِ نُمَيْلَةَ، عَنْ أَبِيهِ، قَالَ كُنْتُ عِنْدَ ابْنِ عُمَرَ فَسُئِلَ عَنْ أَكْلِ الْقُنْفُذِ، فَتَلاَ ( قُلْ لاَ أَجِدُ فِيمَا أُوحِيَ إِلَىَّ مُحَرَّمًا ) الآيَة قَالَ قَالَ شَيْخٌ عِنْدَهُ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ ذُكِرَ عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ " خَبِيثَةٌ مِنَ الْخَبَائِثِ " . فَقَالَ ابْنُ عُمَرَ إِنْ كَانَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم هَذَا فَهُو كَمَا قَالَ مَا لَمْ نَدْرِ .

#### বাংলা

৩৭৫৭. আবৃ ছাওর ইব্রাহীম (রহঃ) .... ঈসা ইবন নুমায়লা (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। তিনি বলেনঃ একদা আমি আবদুল্লাহ্ ইবন উমার (রাঃ)-এর কাছে উপস্থিত ছিলাম। সে সময় তাঁকে সজারু সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি এ আয়াত তিলাওয়াত করেনঃ (অর্থ) আপনি বলুন, যার সম্পর্কে আমার কাছে ওয়াহী করা হয়েছে, আমি তার কোন কিছুই হারাম পাইনা আহারকারীর জন্য, তবে মৃত জানোয়ার, প্রবাহিত রক্ত, শূকর এবং আল্লাহ্র নাম ব্যতীত যবাহকৃত পশু (এসব হারাম)। তখন তাঁর পাশের জনৈক বৃদ্ধ ব্যক্তি বলেন, আমি আবৃ হুরায়রা (রাঃ)-কে বলতে শুনেছি যে, একদা রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট সজারু সম্পর্কে আলোচনা হলে তিনি বলেনঃ এটি খাবীছ জন্তুদের মধ্যে অন্যতম। তখন ইবন উমার (রাঃ) বলেনঃ যদি রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এরূপ বলে থাকেন, তবে তা এরূপ, যেরূপ তিনি বলেছেন। তবে এর সম্পর্কে আমরা কিছুই জানি না।

## **English**

#### Narrated Abdullah ibn Umar:

Numaylah said: I was with Ibn Umar. He was asked about eating hedgehog. He recited: "Say: I find not in the message received by me by inspiration any



(meat) forbidden." An old man who was with him said: I heard AbuHurayrah say: It was mentioned to the Messenger of Allah (ﷺ). Noxious of the noxious. Ibn Umar said: If the Messenger of Allah (ﷺ) had said it, it is as he said that we did not know.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন